# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৩. ৪. মার্কের ইঞ্জিলের সংযোজিত শ্লোকমালা

মার্কের ইঞ্জিলের শেষ অধ্যায় ১৬তম অধ্যায়। প্রাচীন পাণ্ডুলিপিগুলোতে এ অধ্যায়টা ৮ শ্লোকে সমাপ্ত। পরবর্তীকালে কোনো কোনো লিপিকার এ অধ্যায়ের শেষে কিছু বাক্য সংযোজন করেন; যেগুলো ৯ থেকে ২০ পর্যন্ত ১২টা শ্লোকে বিভক্ত। কিং জেমস ভার্শন, সাধারণ পুরাতন ভার্শনগুলো ও সকল বাংলা বাইবেলে এ শ্লোকগুলো যথাযথ বিদ্যমান। এ প্রসঙ্গে এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকার বক্তব্য নিম্নরূপ:

“The final passage in Mark (16:9–20) is omitted in some manuscripts, including the two oldest, and a shorter passage is substituted in others. Many scholars believe that these last verses were not written by Mark, at least not at the same time as the balance of the Gospel, but were added later to account for the Resurrection. ... One of the most striking elements in the Gospel is Mark's characterization of Jesus as reluctant to reveal himself as the Messiah. Jesus refers to himself only as the Son of Man, and while tacitly acknowledging Peter's declaration that Jesus is the Christ, he nevertheless cautions his followers not to tell anyone about him.”

“প্রাচীনতম দুটো পাণ্ডুলিপিসহ অনেক পাণ্ডুলিপিতে মার্কের শেষ অংশ (১৬/৯-২০) বাদ দেওয়া হয়েছে। অন্যান্য কোনো কোনো পাণ্ডুলিপিতে সংক্ষিপ্ত বক্তব্য লেখা হয়েছে। অনেক গবেষকই বিশ্বাস করেন যে, শেষের এ শ্লোকগুলো মার্কের লিখিত নয়। অন্তত সুসমাচার লেখার সময় সুসমাচারের মানে লেখা হয়নি। বরং পরবর্তী সময়ে এগুলোকে সংযোজন করা হয়েছে পুনরুত্থানের বর্ণনা দেওয়ার জন্য। ... মার্কের ইঞ্জিলের সবচেয়ে বিস্ময়কর উপাদানগুলোর অন্যতম হল, মার্ক যীশুকে চিত্রিত করেছেন যে, তিনি নিজেকে মাসীহ বা খ্রিষ্ট হিসেবে প্রকাশ করতে অনিচ্ছুক ছিলেন। যীশু নিজেকে শুধু ‘মনুষ্যপুত্র’ বা ‘মানুষের বেটা’ হিসেবে উল্লেখ করতেন। যখন পিতর বলেন যে, যীশুই খ্রিষ্ট বা মাসীহ তখন তিনি মৌনতার মাধ্যমে স্বীকৃতি দিলেও তাঁর অনুসারীদেরকে কাউকে তাঁর বিষয়ে না বলতে সতর্ক করেন।”[1]

আধুনিক বিভিন্ন সংস্করণে মার্ক ১৬/৯-২০ শ্লোক বাদ দেওয়া হচ্ছে, বন্ধনীর মধ্যে লেখা হচ্ছে বা টীকায় লেখা হচ্ছে। কয়েকটা নমুনা দেখুন:

(১) নিউ কিং জেমস ভার্শনে (NKJV) মার্ক ১৬/৯-২০ শ্লোকগুলো মূল পাঠে বিদ্যমান। তবে শেষে টীকায় লেখা হয়েছে: (Verses 9–20 are bracketed in NU-Text as not original. They are lacking in Codex Sinaiticus and Codex Vaticanus, although nearly all other manuscripts of Mark contain them.) “নেসল এলান গ্রিক নতুন নিয়ম ও ইউনাইটেড বাইবেল সোসাইটি সম্পাদিত গ্রিক নতুন নিয়মের পাঠে ৯-২০ শ্লোকগুলোকে বন্ধনীর মধ্যে রাখা হয়েছে; কারণ সেগুলো মৌলিক নয়। সিনাইয়ের পাণ্ডুলিপি ও ভ্যাটিকানের

পাণ্ডুলিপিতে এ শ্লোকগুলো নেই। অন্যান্য প্রায় সকল পাণ্ডুলিপির মধ্যে এগুলো রয়েছে।’’[2]

(২) নিউ আমেরিকান স্টান্ডার্ড বাইবেল (NASB) ৯ থেকে ২০ শ্লোক বন্ধনীর মধ্যে লেখে টীকায় লেখেছে: (খধঃবৎ সং ধফফা ৯-২০): ‘‘পরবর্তী যুগের পাণ্ডুলিপিগুলো ৯-২০ শ্লোকগুলো সংযোজন করেছে।’’[3]

(৩) কনটেমপরারি ইংলিশ ভার্শন (CEV) ৮ নং শ্লোকের পরে লেখেছে: (ONE OLD ENDING TO MARK’S GOSPEL) এখানেই মার্কের ইঞ্জিলের প্রাচীন একটি সমাপ্তি’’।[4]

(৪) কমন ইংলিশ বাইবেল (CEB) ৮ নং শ্লোকের পরে লেখেছে: (Endings Added Later) ‘‘শেষের কথাগুলো পরবর্তীকালে সংযোজিত।’’ এরপর টীকায় লেখেছে: (In most critical editions of the Gk New Testament, the Gospel of Mark ends at 16:8.) ‘‘নতুন নিয়মের সবচেয়ে সুসম্পাদিত গ্রিক সংস্করণগুলোতে মার্কের ইঞ্জিল ১৬/৮ শ্লোকেই সমাপ্ত হয়েছে।’’[5]

(৫) নিউ ইন্টারন্যাশনাল ভার্শন (NIV): মার্কের ১৬ অধ্যায় ৮ নং শ্লোকে শেষ করে একটা রেখার পরে লেখা হয়েছে: (The earliest manuscripts and some other ancient witnesses do not have verses 9–20): ‘‘প্রাচীনতম পাণ্ডুলিপিগুলোতে এবং অন্যান্য কিছু প্রাচীন পাণ্ডুলিপিতে ৯-২০ শ্লোকগুলো নেই।’’ এরপর ৯-২০ শ্লোক লেখা হয়েছে।[6]

(৬) একসপ্যানডেড বাইবেল (EXB)-ও একইভাবে ৮ নং শ্লোকের পরে রেখা দিয়ে লেখা হয়েছে: (Verses 9–20 are not included in some of the earliest surviving Greek copies of Mark...)‘‘বর্তমানে বিদ্যমান কয়েকটি প্রাচীনতম গ্রিক পাণ্ডুলিপির মধ্যে ৯-২০ শ্লোকগুলো নেই।’’[7]

(৭) রিভাইজড স্টান্ডার্ড ভার্শন (RSV) ১৬ অধ্যায়ের শেষে টীকায় লেখেছে:

“Some of the most ancient authorities bring the book to a close at the end of verse 8. One authority concludes the book by adding after verse 8 the following: But they reported briefly to Peter and those with him all that they had been told. And after this, Jesus himself sent out by means of them, from east to west, the sacred and imperishable proclamation of eternal salvation. Other authorities include the preceding passage and continue with verses 9–20. In most authorities verses 9–20 follow immediately after verse 8; a few authorities insert additional material after verse 14.”

‘‘সবচেয়ে প্রাচীন কিছু পাণ্ডুলিপিতে ১৬/৮ শ্লোকেই মার্কের ইঞ্জিল শেষ হয়েছে। একটা পাণ্ডুলিপিতে এরপর নিম্নের বাক্য দিয়ে পুস্তকটা শেষ করেছে: ‘‘কিন্তু তাঁরা পিতর ও তাঁর সাথে অন্য যারা ছিলেন তাঁদেরকে সংক্ষেপে জানালেন। এরপর যীশু নিজেই তাদের মাধ্যমে পূর্ব থেকে পশ্চিমে পবিত্র ও অবিনশ্বর মুক্তির অনন্ত ঘোষণা প্রেরণ করলেন।’’ অন্যান্য পাণ্ডুলিপিতে ৯-২০ শ্লোকগুলো বিদ্যমান। এ জাতীয় অধিকাংশ পাণ্ডুলিপিতে ৮ শ্লোকের পরেই ৯-২০ শ্লোক বিদ্যমান। অল্প কিছু পাণ্ডুলিপিতে ১৪ শ্লোকের পরে অতিরিক্ত আরো বক্তব্য বিদ্যমান।’’[8]

(৮) নিউ রিভাইডয স্টান্ডার্ড ভার্শনে (NRSV) ৮ম শ্লোকের পরে লেখেছে: (The Shorter Ending of Mark) ‘‘মার্কের ইঞ্জিলের সংক্ষিপ্ততর সমাপ্তি এখানেই।’’[9]

(৯) লেক্সম্যান ইংলিশ বাইবেল (Lexham English Bible: LEB)-ও ৮ম শ্লোকের পরে লেখেছে: মার্কের

ইঞ্জিলের সংক্ষিপ্ততর সমাপ্তি এখানেই।”[10]

(১০) জে. বি ফিলিপস সম্পাদিত নতুন নিয়ম: (J.B. Phillips New Testament: PHILLIPS) ৮ম শ্লোকের পরে লেখেছে: (An ancient appendix): “একটি পুরাতন সংযোজনী।”[11]

সম্মানিত পাঠক বাইবেল গেটওয়ে ওয়েবসাইটে দেখবেন যে, প্রায় সকল আধুনিক বাইবেলেই স্বীকার করা হচ্ছে যে, মার্কের ১৬ অধ্যায়ের ৯-২০ শ্লোক পরবর্তীকালে সংযোজিত। তবে অধিকাংশ বাইবেল সোসাইটি বা সংস্থা শ্লোকগুলো বাদ না দিয়ে শুধু টীকা বা বন্ধনী দিয়েই দায়িত্বমুক্তির আশা করছেন।

## ফুটনোট

[1] “Mark, The Gospel According to”, Encyclop□dia Britannica. Encyclop□dia Britannica 2009 Ultimate Reference Suite. Chicago: Encyclop□dia Britannica, 2009.
[2] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=NKJV
[3] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=NASB
[4] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=CEV
[5] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=CEB
[6] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=NIV
[7] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=EXB
[8] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=RSV
[9] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=NRSV
[10] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=LEB
[11] https://www.biblegateway.com/passage/?search=Mark+16&version=PHILLIPS

Source — https://www.hadithbd.com/books/link/?id=14232

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন